সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২
শিয়ালকোল, সিরাজগঞ্জ।
পোষ্ট কোড নং-৬৭০০

ISO 9001:2015 Certified

সরাসরি-০৭৫১-৬২৮৪৫
E-Mail-sirajganjpbs2@gmail.com
Web : pbs2.sirajganj.gov.bd

স্মারক নং-২৭.১২.৮৮৭৮.৫৭৩.০২.০০৮.২৪.0292

তারিখঃ ২৪ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
০৮ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

# "পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি"

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিম্নবর্ণিত শূণ্য পদে লোকবল নিয়োগ/প্যানেল প্রস্তুতের নিমিত্তে পার্শ্বে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | বয়স সীমা | বেতন ও অন্যান্য ভাতাদি | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগনের আবেদন করার প্রয়োজন নাই |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ড্রাইভার (পুরুষ) | ০৩ টি (নিয়োগকালীন পদ সংখ্যা কম/বেশি হতে পারে)। | ২৯/০৯/২০২৪ খ্রিঃ তারিখে বয়স সর্বনিম্ন ১৮ হতে সর্বোচ্চ ৪৫ বছর। | পবিস বেতন কাঠামো ২০১৬ এবং সর্বশেষ সংশোধিত ২০২১ অনুযায়ী বেতন স্কেল ১৬,৬০০.০০ টাকা হতে ৪১,৯৫০.০০ টাকা এবং নিয়মানুযায়ী বাড়ীভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়। | (ক) প্রার্থীকে সাবলীলভাবে বাংলা লেখা ও পড়ায় এবং ন্যূনতম ইংরেজী শব্দ ও সংখ্যা পড়তে সক্ষম হতে হবে।<br>(খ) সাংকেতিক চিহ্ন বুঝা, প্রতিবেদন ও সময়সূচী পড়ার পর্যাপ্ত সামর্থ্য থাকতে হবে এবং লগ বই পূরণের সক্ষমতা থাকতে হবে।<br>(গ) প্রার্থী BRTA কর্তৃক প্রদত্ত বৈধ হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।<br>(ঘ) যে কোন সরকারী/ আধা-সরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান অথবা বৃহৎ শিল্প/ বাণিজ্যিক প্রতিষ্ঠানে গাড়ী চালনা ও রক্ষণাবেক্ষণ কাজে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা সনদ (ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির পর) জমা প্রদান করতে হবে।<br>(ঙ) বিগত ০৩ (তিন) বছরের মধ্যে বড় ধরণের কোন দূর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।<br>(চ) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, নম্র, সুস্বাস্থ্যের এবং উত্তম চরিত্রের অধিকারী হতে হবে।<br>(ছ) পবিস কর্তৃপক্ষ কর্তৃক লিখিত ও ড্রাইভিং টেস্ট পরীক্ষা সহ অন্যান্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(জ)) প্রার্থীর সুন্দর শারীরিক গঠন ও সুঠাম স্বাস্থ্য থাকতে হবে। পবিস/বাপবিবোর্ডের অনুমোদিত ডাক্তার কর্তৃক স্বাস্থ্যগত ও চক্ষু পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ভৌগলিক এলাকা (সিরাজগঞ্জ সদর, বেলকুচি, কাজিপুর, কামারখন্দ, চৌহালী উপজেলা) |

**শর্তাবলীঃ**

০১. আগ্রহী প্রার্থীগণকে সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েব সাইট (pbs2.sirajganj.gov.bd) এবং বাপবিবোর্ডের ওয়েবসাইট (www.reb.gov.bd) -এ হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) A-4 সাইজের কাগজে প্রবেশ পত্র সহ ০৪ পৃষ্ঠা ডাউনলোড অথবা সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর হতে সরাসরি সংগ্রহপূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী **২৯/০৯/২০২৪ খ্রিঃ** তারিখের মধ্যে জেনারেল ম্যানেজার, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২, শিয়ালকোল, সিরাজগঞ্জ বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে আবেদন পত্র পৌছাতে হবে (সরাসরি বা হাতে হাতে আবেদন গ্রহণযোগ্য হবে না)। নির্দিষ্ট ফরম ব্যতিত সাদা কাগজে/টাইপকৃত কাগজে এবং বিলম্বে প্রাপ্ত কোন আবেদন পত্র গ্রহণযোগ্য হবে না। আগ্রহী প্রার্থীগণকে উক্ত ওয়েবসাইট এ প্রকাশিত সকল শর্তাবলী অনুযায়ী আবেদন ফরম ডাউনলোড পূর্বক যথাযথভাবে পূরণ করে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।

০২. **প্রার্থীকে আবেদনপত্রে নিম্নোক্ত কাগজপত্রাদি প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নাম, আইডি সম্বলিত সীল) করতে হবেঃ**

ক) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি;
খ) বৈধ এবং লেমিনেটেড ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি;
গ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
ঘ) সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি। (০১ কপি ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে ও ০১ কপি ছবি প্রবেশ পত্রের নির্ধারিত স্থানে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর প্রথম শ্রেণীর কর্মকর্তার নাম, আইডি সম্বলিত সীল দ্বারা সত্যায়িত করতে হবে এবং ০১ কপি ছবি সত্যায়িত করে ষ্ট্যাপলার পিন দ্বারা আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে);
ঙ) ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
চ) বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংক হতে **"সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২"** এর অনুকূলে ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে। পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।

০৩. ২৯/০৯/২০২৪ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ন্যূনতম ১৮ বৎসর হতে সার্বোচ্চ ৪৫ বৎসরের মধ্যে হতে হবে। (জন্ম তারিখের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

চলবে

০৪. অসম্পূর্ণ আবেদনপত্র, নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদন পত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বে/পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সে ক্ষেত্রে **"প্রযোজ্য নয়"** উল্লেখ করতে হবে।

০৫. প্রার্থী কর্তৃক তার ড্রাইভিং লাইসেন্স, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদন পত্রের অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ন বা অসত্য বা অসঙ্গতি প্রমাণিত হলে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৬. প্রাপ্ত আবেদনসমূহের প্রাথমিক যাচাই-বাছাইয়ে উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণের জন্য প্রার্থীদের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রবেশপত্র রেজিষ্টার্ড ডাকযোগে প্রেরণ করা হবে।

০৭. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের স্বাস্থ্য ও দৃষ্টিশক্তি পরীক্ষা পবিসের মনোনীত ডাক্তার দ্বারা সম্পন্ন করা হবে। অতঃপর সকল পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সমন্বয়ে চূড়ান্ত প্যানেল প্রস্তুত করা হবে।

০৮. চূড়ান্ত প্যানেল হতে মেধাক্রম অনুযায়ী নিয়োগপত্র ইস্যু করা হবে। বর্ণিত পদের জন্য যে কোন ধরনের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে।

০৯. সকল পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদেরকে অবশ্যই মূল ড্রাইভিং লাইসেন্স, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদ পত্রের মূল কপি নিয়োগ কমিটির নিকট প্রদর্শন করতে হবে।

১০. চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য ''অন-প্রবেশনে'' নিয়োগ প্রদান করা হবে। অন-প্রবেশনকালে অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে সমিতির নিজস্ব বেতন কাঠামোর আওতায় নির্ধারিত বেতন কাঠামোতে নিয়মিত করা হবে। ''অন-প্রবেশন'' কাল সর্বোর্চ্চ ০৬(ছয়) মাস বর্ধিত হতে পারে যা ০২ (দুই) বারের বেশি হবে না। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/স্বীকৃত মেডিকেল অফিসার/পবিসের রিটেইনার চিকিৎসকের এবং স্বীকৃত চক্ষুবিশেষজ্ঞের নিকট হতে স্বাস্থ্যগত সার্টিফিকেট (Dope Test Report সহ) দাখিল করতে হবে।

১১. সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কারও আবেদন করার প্রয়োজন নেই। তথ্য গোপন করে রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করলে যদি তা উদঘাটিত হয় তবে তা পরবর্তীতে যে কোন পর্যায়ে তার প্রার্থীতা/নিয়োগ কোন কারণ ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বাতিল করা হবে।

১২. প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দেয়া হলে অথবা কোন তথ্য গোপন রাখলে যদি তা পরবর্তীতে উদঘাটিত হয় তাহলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

১৩. সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। কর্তৃপক্ষের মাধ্যম ছাড়া আবেদন করা হলে তা বাতিল বলে গণ্য হবে।

১৪. নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিধি-বিধান সর্বশেষ সরকারি নির্দেশনা অনুযায়ী যথাযথভাবে প্রতিপালন করা হবে।

১৫. অন্য কোন সংস্থা অথবা কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নেই। প্রতারণা বা তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হওয়ার পর পরবর্তীতে যদি তা উদঘাটিত হয় তাহলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে কোন ধরনের তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬. নিয়োগ পরীক্ষা যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীকে ডাকযোগে প্রেরিত প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে। এছাড়াও পূরণকৃত ফরমে প্রদত্ত মোবাইল ফোন নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে।

১৭. নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

উল্লেখ্য, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর স্মারক নং-২৭.১২.৮৮৭৮.৫৭৩.০২.০০৮.২৪.১৭১৯, তাং-০৯/০৪/২০২৪ খ্রিঃ অনুযায়ী প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যারা ইতিপূর্বে আবেদন করেছেন তাদেরকে পুনরায় আবেদন করতে হবে।

(মোঃ জাকির হোসেন)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

**অনুলিপিঃ** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) (সদয় অবগতি ও প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪। সিনিয়র সিষ্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
০৬। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
০৭। পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
০৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, ..................................পবিস-১/২/৩/৪।
০৯। ডিজিএম, বেলকুচি/কাজিপুর/(সদর-কারিগরী), সিরাজগঞ্জ পবিস-২।
১০। এজিএম, তামাই/পিপুলবাড়িয়া/কামারখন্দ সাব-জোনাল অফিস, সিরাজগঞ্জ পবিস-২।
১১। এজিএম (অর্থ/এমএস/এইচআর/প্রশাসন/ইএন্ডসি/ওএন্ডএম), সিরাজগঞ্জ পবিস-২।
১২। এজিএম (আইটি), সিরাজগঞ্জ পবিস-২ (সমিতির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)।
১৩। নোটিশ বোর্ড, সিরাজগঞ্জ পবিস-২।
১৪। অফিস/মাষ্টার কপি।

(মোঃ জাকির হোসেন)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

ফরম নং-পমাসপ-১১০-০০২ভার্সন-০১

ISO 9001:2015 Certified

# সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর

## "ড্রাইভার" পদে প্যানেলভুক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম।

(সংশ্লিষ্ট প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

পাসপোর্ট সাইজের একককপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপরে ১ম শ্রেনীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

জেনারেল ম্যানেজার
সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২
শিয়ালকোল, সিরাজগঞ্জ।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং-

২. ____________ আবেদনকৃত পদের নাম (বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

৩. ____________ পদের ধরণ

৪. ____________ নিয়োগ বিজ্ঞপ্তির সূত্র

৫. ____________ প্রকাশনার তারিখ

৬. ____________ আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

____________ আবেদনকারীর পূর্ণ নাম (ইংরেজিতে বড় হাতের অক্ষরে)

৭. ____________ জন্ম তারিখ (-----------পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)

৮. ____________ বয়স (২৯/০৯/২০২৪ খ্রিঃ তারিখে)

৯. ____________ মাতার নাম

১০. ____________ পিতার নাম

১১. ____________ ধর্ম

১২. ____________ জাতীয়তা

১৩. ____________ নিজজেলা

১৪. ____________ টেলিফোন/মুঠোফোন নম্বর

১৫. বৈবাহিক অবস্থা (টিক/দিন) :

| | | | |
|---|---|---|---|
| | অবিবাহিত | | বিবাহিত |

১৬. কোন কোটার সুবিধা প্রাপ্য হলে বক্সের ভিতরে খালি অংশে টিক (✓) দিনঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | | শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ |

১৭. স্থায়ী ঠিকানাঃ

| ____________ | ____________ | ____________ | ____________ |
|---|---|---|---|
| গ্রাম/সড়ক/বাড়ী | ডাকঘর | উপজেলা/থানা | জেলা |

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগপত্র (নিয়োগপত্র পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

| ____________ | ____________ | ____________ | ____________ |
|---|---|---|---|
| গ্রাম/সড়ক/বাড়ী | ডাকঘর | উপজেলা/থানা | জেলা |

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ ... শিয়ালকোল, সিরাজগঞ্জ

১৯. ______________________
ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর

২০. ______________________
ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মূল্য

২১. ______________________
ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ইস্যুর তারিখ

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পুরণ করতে হবে):

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেণী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | জিপিএ/সিজিপিএ | বিভাগ/শ্রেনী/গ্রেড | |
| | | | | |
| | | | | |

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে): ........................................ বছর।

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে):

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরী/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):

| নাম, পদবী, পেশা, ঠিকানা, টেলিফোন/মুঠোফোন নম্বর এবং ই-মেইল নম্বর (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

২৬. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে) :

| কর্মরত পবিস এর নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কিনা (হ্যাঁ/না) জবাব হলে সনদ যুক্ত করতে হবে। | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে প্রদত্ত দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছে তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভূল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবে এবং আমার বিরুদ্ধে বাপবিবোর্ড কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহন করলে আমি মানতে বাধ্য থাকবো। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় সাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ০২ (দুই) সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পূর্বক সরবরাহ করতে এবং মূল সনদ সমূহ প্রদর্শন করতে বাধ্য থাকব।

______________________
তারিখ

______________________
আবেদনকারীর স্বাক্ষর

ISO 9001:2015 Certified

# সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২

শিয়ালকোল, সিরাজগঞ্জ।

পাসপোর্ট সাইজের
এককপি ছবি এ ঘরে
আইকা/আঠা দিয়ে
লাগিয়ে ছবির উপরে ১ম
শ্রেনীর কর্মকর্তা দ্বারা
সত্যায়িত করতে হবে।

**লিখিত (এমসিকিউ)/লিখিত (রচনামূলক)/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার**

## প্রবেশ পত্র

**(অফিস কর্তৃক পুরণীয়)**

প্রার্থীর রোল নম্বর : ------------------------------------

পরীক্ষার তারিখ : ------------------------------------

পরীক্ষার সময় : ------------------------------------

পরীক্ষা কেন্দ্রের নাম : ------------------------------------

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা : ------------------------------------

নিয়োগকারী কর্তৃপক্ষ/তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর

**(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পুরণীয়)**

পদের নাম : ------------------------------------

প্রার্থীর নাম : ------------------------------------

যে ঠিকানায় প্রবেশ পত্র পেতে ইচ্ছুক : ------------------------------------

------------------------------------

------------------------------------

------------------------------------

## প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশাবলী

০১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশ পত্রটি সাথে আনতে হবে। প্রবেশ পত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

০২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০ (ত্রিশ) মিনিট পর কোন প্রার্থী/পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষ/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরীক্ষকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

০৩। উত্তরপত্র পূরণের জন্য অবশ্যই বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

০৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ, মুঠো ফোন, ক্যামেরা নিয়ে প্রবেশ করা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষা হলে ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

০৫। চাকুরীর আবেদনপত্রের সাথে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থী/প্রার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

০৬। পরীক্ষা শেষে প্রার্থী/পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

০৭। উল্লেখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থী/প্রার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষ পরিদর্শক গোপনীয় ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।